



গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তার কার্যালয়  
তুলা উন্নয়ন বোর্ড  
জোনাল অফিস, কুষ্টিয়া-৭০০০।  
ই-মেইল: ccdokst@cdb.gov.bd

কৃষি সমৃদ্ধি



নম্বর: ১২.০৭.৪০৫০.৩৮০.৭৫.০০১.১১.৬১০

তারিখ: ১২ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ  
২৭ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

### বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: বিজ্ঞপ্তি/নোটিশ ২৬ ডিসেম্বর ২০২৩

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০২/০১/২০২৪ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার সকাল ১০.০০ ঘটিকার সময় নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে অত্র কুষ্টিয়া জোনের সকল মাঠকর্মকর্তা, মাঠকর্মী ও অফিস স্টাফদের নিয়ে মাসিক অধিবেশন ও প্রশিক্ষণ, ইনোভেশন কার্যক্রম এবং জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত নৈতিকতার উপর প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। উক্ত মাসিক সভায় নিম্নবর্ণিত আলোচ্যসূচী ও পূর্বে দেয় ছকপত্র মোতাবেক প্রত্যেকটি প্রতিবেদন পূর্ণাঙ্গভাবে পূরন করতঃ প্রতিবেদন ও চাহিত বিলপত্রসহ যথাসময়ে অধিবেশন কক্ষে কোভিড-১৯ পরিস্থিতিতে সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি যথাযথভাবে মেনে মাস্ত্র পরিধান করে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, অধিবেশন শুরুর ১৫ মিনিট পূর্বে অধিবেশন কক্ষে উপস্থিত হতে হবে এবং অধিবেশন চলাকালীন সময় পর্যন্ত মোবাইল ফোন বন্ধ রেখে অধিবেশন কক্ষে অবস্থান করতে হবে এবং ক্রমানুসারে চাহিত সকল প্রতিবেদন আবশ্যিকভাবে জমা/দাখিল করতে হবে।

#### অধিবেশনের আলোচ্যসূচী ও প্রতিবেদন সমূহঃ

- ১। ২০২৩-২৪ মৌসুমে মনিটরিং ছক নং-১ মোতাবেক উদ্বুদ্ধকরণ কর্মসূচীর অগ্রগতির প্রতিবেদন (নভেম্বর-২০২৩ হতে ক্রমপুঞ্জিত চলমান)।
- ২। ২০২৩-২৪ মৌসুমে মনিটরিং ছক নং-২ মোতাবেক দলীয় আলোচনার অগ্রগতির প্রতিবেদন (নভেম্বর-২০২৩ হতে ক্রমপুঞ্জিত চলমান)।
- ৩। ২০২৩-২৪ মৌসুমে মনিটরিং ছক নং-৩ মোতাবেক তুলাচাষের অগ্রগতির প্রতিবেদন (নভেম্বর-২০২২ হতে ক্রমপুঞ্জিত চলমান)।
- ৪। ২০২৩-২৪ মৌসুমে জাতওয়ারী তুলাবীজ প্রাপ্তি, বিতরণ, বিক্রয় এর প্রতিবেদনসহ বিক্রয়কৃত তুলাবীজের মূল্য জমাদানের প্রতিবেদন আনয়ন।
- ৫। ২০২৩-২৪ মৌসুমে বিভাগীয় ঋন বিতরণের প্রতিবেদন আনয়ন। ( ছকপত্র মোতাবেক )
- ৬। ২০২৩-২৪ মৌসুমে রাজস্ব খাতের অর্থায়নে তুলার প্রদর্শনী, তুলার আইপিএম প্রদর্শনী ও অনফার্ম ট্রায়াল প্রদর্শনী প্লটের অগ্রগতির প্রতিবেদন (নির্ধারিত ছকপত্র মোতাবেক প্রতিটি চাষীর জন্য আলাদা প্রদর্শনীর ধরন/প্রযুক্তি মোতাবেক) ও সাইনবোর্ডসহ ছবি আনয়ন (আবশ্যিক)।
- ৭। ২০২৩-২৪ মৌসুমে তুলার গবেষণা উন্নয়ন ও প্রযুক্তি হস্তান্তর প্রকল্প খাতের অর্থায়নে তুলার আদর্শ প্রদর্শনী, তুলার পার্টিসিপেটরী রিসার্স প্রদর্শনী ও অনফার্ম ট্রায়াল প্রদর্শনী প্লটের অগ্রগতির প্রতিবেদন ও (নির্ধারিত ছকপত্র মোতাবেক প্রতিটি চাষীর জন্য আলাদা প্রদর্শনীর ধরন মোতাবেক) সাইনবোর্ডসহ ছবি আনয়ন (আবশ্যিক)।
- ৮। ২০২৩-২৪ মৌসুমে "তুলার সাথে সবজি, মসলা, ডাল ও অন্যান্য ফসলের চাষ" কর্মসূচী খাতের অর্থায়নে তুলা + মসলা জাতীয় ফসল প্রদর্শনী প্লটের বপন অগ্রগতির প্রতিবেদন ( ছকপত্র মোতাবেক-বামন্দি ইউনিট ) সাইনবোর্ডসহ ছবি আনয়ন (আবশ্যিক)।
- ৯। ২০২৩-২৪ মৌসুমে বিটি তুলার মাসিক অগ্রগতির প্রতিবেদন ও সাইনবোর্ডসহ ছবি আনয়ন (আবশ্যিক)।

সময়কালঃ..... তারিখ হতে..... তারিখ পর্যন্ত।

ক্র. নং	ইউনিটের নাম	চাষীর নাম, পিতা/স্বামীর নাম, মোবাইল ও এনআইডি নং	জাত ও বপন দুরত্ব	বপন তারিখ	প্রতিবেদনাদীন সময়ে বিটি তুলার মাঠে সম্পন্নকৃত কার্যক্রম (খারাবাহিকভাবে লিখতে হবে)	কার্যক্রমের সময় গৃহীত বায়োসেফটি মেজারস (খারাবাহিকভাবে লিখতে হবে)	গাছের উদ্ভদতাত্ত্বিক অবস্থাসহ(কুড়ি, ফুল, ফল উল্লেখ পূর্বক)
১	২	৩	৪	৫	৬	৭	৮

১০। ব্লক ভিত্তিক তুলাচাষ উদ্বুদ্ধকরণ দলীয় আলোচনার ডিসেম্বর-২০২৩ মাসে অনুষ্ঠেয় সভার ক্রমপুঞ্জিত প্রতিবেদনসহ জানুয়ারী-২০২৪ মাসে ব্লক ভিত্তিক তুলাচাষ উদ্বুদ্ধকরণ দলীয় আলোচনা সভার স্থান, তারিখ ও সময় উল্লেখ পূর্বক প্রতিবেদন।

১১। ডিসেম্বর, ২০২৩ মাসে অনুষ্ঠেয় চাষী প্রশিক্ষণ, মাঠদিবস এবং চাষী সমাবেশ/চাষী র্য়ালীর প্রতিক্রিয়াসহ প্রতিবেদন এবং ছবি আনয়ন।

১২। ২০২৩-২৪ মৌসুমে উত্তোলনকৃত বীজতুলার পরিমান ও ক্রয় তারিখ/দিবসের প্রতিবেদন।

১৩। বিবিধঃ জানুয়ারী-২০২৪ মাসের অগ্রিম ভ্রমনসূচীসহ ডিসেম্বর-২০২৩ মাস পর্যন্ত, অফিস ভাড়া বিল, বিদ্যুৎ বিল, ঝাড়ুদার বিল, ভ্রমনভাতা বিলসহ অন্যান্য বিলপত্র (যদি থাকে) আনয়ন।

২৭-১২-২০২৩

শেখ আল মামুন

প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা

০২৪৭৮৮৫৩১৯১

ccdokushtia@gmail.com

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। কটন ইউনিট অফিসার/স্টোর-কাম-ফিল্ডম্যান, তুলা উন্নয়ন বোর্ড,.....ইউনিট, কুষ্টিয়া জোন।;

২। সহকারী জিনিং কর্মকর্তা (ভাঃ), তুলা উন্নয়ন বোর্ড, মেহেরপুর জিনিং কেন্দ্র, কুষ্টিয়া জোন।;